চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র এর সাথে ভারতীয় সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ হালদার এবং ইইএসএল এর উর্ধ্বতন কর্মকর্তার সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে বাংলাদেশের চট্টগ্রামে নিযুক্ত ভারতীয় সহকারী হাই কশিনার শ্রী সোমনাথ হালদার এবং Energy Efficiency Services Ltd (ইইএসএল)এর ডিজিএম সুদীপ বর ৭ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাত মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বন্ধুপ্রতীম ভারত সরকারের সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, ভারতের অনুদান চট্টগ্রামবাসী প্রত্যাশা করেন। এ লক্ষে তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা ব্যবস্থায় এবং হরিজন সম্প্রদায়ের আবাসন সংকট নিরসনে সহযোগিতা কামনা করেন। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রসঙ্গে বলেন, নাগরিকদের নিকট থেকে কোন ধরনের ট্যাক্স গ্রহণ ছাড়াই চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিশাল এ দুইটি সেবা দিয়ে যাচ্ছে। নির্ধারিত সেবার বাহিরে শিক্ষা ও স্বাস্থ্যসেবা খাতে বছরে প্রায় ৭০ কোটি টাকা ভতুর্কি দিতে হয়। স্বাস্থ্যবান ও আলোকিত সুনাগরিক গড়ার লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বোচ্চ ঝুঁকি নিয়ে এ ২টি খাতের সেবা পর্যায়ক্রমে বৃদ্ধি সহ আধুনিক সুযোগ-সুবিধা দিয়ে যাচ্ছে। মেয়র বলেন, তার মেয়াদের মধ্যে নগরীর ৪১টি ওয়ার্ডকে এলইডি লাইটিং এর আওতায় এনে আলোকিত নগরী সহ বিদ্যুৎ খাতে ব্যয় হ্রাস করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি এ ক্ষেত্রে ভারতের সহযোগিতা কামনা করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মাষ্টার দা সূর্য সেনের স্মৃতি বিজরিত চট্টগ্রামবাসী তার স্মৃতিকে চির জাগরুক রাখার লক্ষে নগরীর লালদিঘী উত্তর চত্বরে বিপ্লবী সূর্য সেনের আবক্ষমূর্তি স্থাপন সহ প্রস্তাবিত চত্বরের নামকরণ কয়েক মাসের মধ্যে সম্পন্ন করা হবে বলে সহকারী হাই কমিশনারকে অবহিত করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, ব্রিটিশ বিরোধী আন্দোলনের অগ্রসেনানী মাষ্টার দা সূর্য সেন চট্টগ্রাম তথা বাংলাদেশের একজন কিংবদন্তি পুরুষ। তার বিদ্রোহের ইতিহাস ও দেশপ্রেম প্রজন্ম পরম্পরায় পৌছে দিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অঙ্গীকারাবদ্ধ। সাক্ষাত মতবিনিময়ে ভারতের সহকারী হাই কমিশনার শ্রী সোমনাথ হালদার বলেন, ভারত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা সেবায় এবং হরিজন সম্প্রদায়ের আবাসন সংকট নিরসনে অনুদান দিতে আগ্রহী। এ বিষয়ে মেয়রের প্রস্তাবকে তিনি স্বাগত জানান। তিনি বলেন, তার সাথে আসা ভারতের Energy Efficiency Services Ltd (ইইএসএল)এর ডিজিএম সুদীপ বর এর মাধ্যমে চট্টগ্রাম নগরীকে এলইডি সিষ্টেমে আনার জন্য এ কোম্পানী প্রস্তাবনা নিয়ে এসেছে। তাদের প্রস্তাবনা গৃহিত হলে Energy Efficiency Services Ltd (ইইএসএল) চুক্তির মাধ্যমে বিদ্যুৎ ব্যয় সাশ্রয়ী এলইডি লাইটিং প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে। মতবিনিময়ে Energy Efficiency Services Ltd (ইইএসএল)এর ডিজিএম সুদীপ বর পাওয়ার পয়েন্টের মাধ্যমে তাদের কোম্পানীর কার্যক্রমের সচিত্র প্রতিবেদন ও প্রস্তাবনা মেয়র এর নিকট উপস্থাপন করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর মোহাম্মদ হাবিবুল হক, গোলাম মোহাম্মদ চৌধুরী, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন, প্রধান স্থপতি এ

কে এম রেজাউল করিম ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত
৫ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

৭ মার্চ ২০১৭ খ্রি.সবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে সিটি মেয়র ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে চসিক পরিচালিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন কমার্স কলেজ,হাজী আবদুল আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, জামালখান কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, পাঠানটুলী সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় সহ ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন,সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মান বৃদ্ধির জন্য পরিচালনা কমিটি ও শিক্ষকদের আন্তরিক হওয়ার পরামর্শ দেন। মেয়র চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নব নির্মিত ভবনের কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। মেয়র শিক্ষা প্রতিষ্ঠান সমূহের আয়-ব্যয় এর হিসাব সঠিকভাবে উপস্থাপন ও ভর্তুকী হ্রাস করার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনাও প্রদান করেন। সভায় সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা মো.সাইফুর রহমান,চট্টগ্রাম সিটি কর্পোরেশন কমার্স কলেজের অধ্যক্ষ মো. আবু তৈয়ব চৌধুরী, হাজী আবদুল আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা আলহাজ্ব নুরুল বশর মিয়া এবং পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র এর সাথে
সৌদি আরবের সাবেক মেয়র সুলাইমান আল হাজেরীর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে নগরভবনে মেয়র দপ্তরে ৬ মার্চ ২০১৭ খ্রি. দুপুরে সৌদি আরবের একটি ষ্টেটের সাবেক মেয়র এবং আল-মানা হিন ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান সুলাইমান আল হাজেরী, মাওলানা হেলাল উদ্দিন, জমির উদ্দিন সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশের স্বার্থে সৌদি আরবের ভূমিকার ভূয়সী প্রশংসা করে বলেন, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু সৌদি আরব। বাংলাদেশের শ্রমজীবি মানুষের প্রধান ঠিকানা সৌদি আরব। সে দেশে বাংলাদেশ থেকে লক্ষ লক্ষ ধর্মপ্রাণ মানুষ হজ্বব্রত পালন করতে যায়। এ ছাড়াও বাংলাদেশের উন্নয়নের সহযোগী হিসেবে সৌদি আরব বাংলাদেশের মানুষের হৃদয়ে স্থান করে নিয়েছে। ধর্মীয় দিক থেকে বাংলাদেশের মুসলমানদের নিকট সৌদি আরবের অবস্থান প্রতিটি মানুষের মনের মনি কোটায় বিদ্যমান। তিনি সৌদি আরবের আল মানা হিন ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সহযোগিতা প্রত্যাশা করেন। সাক্ষাতে সৌদি আরবের সাবেক মেয়র ও অন্যান্য ব্যবসায়ীবৃন্দ চট্টগ্রামে ১শত কোটি টাকার ওয়েলফেয়ার করার আগ্রহ প্রকাশ করেন। তারা বলেন,একটি সুনির্দিষ্ট জায়গা পাওয়া গেলে সেখানে একই কমপ্লেক্সে ৫০ শয্যার মেটারনিটি, আধুনিক প্রযুক্তির ভিত্তিতে মসজিদ, লাশ সংরক্ষনাগার, লাশ গোসল, রোগী এবং লাশ পরিবহনে পুরুষ ও মহিলা মিলে ২০টি এ্যাম্বুলেন্স, একটি আধুনিক লাইব্রেরী ও কোরআন রিসার্চ সেন্টার নির্মাণ করা হবে। মেয়র তাদের প্রস্তাবকে গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। এ সময় চট্টগ্রাম চেম্বারের পরিচালক অহিদ সিরাজ

স্বপন, মাকসুদুর রহমান সহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র এর সাথে চট্টগ্রাম বেতার ও টেলিভিশন শিল্পী কল্যাণ সংস্থা কমিটির নবনির্বাচিত সদস্যদের সৌজন্য সাক্ষাত

৭ মার্চ ২০১৭ খ্রি. সকালে নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম বেতার ও টেলিভিশন শিল্পী কল্যাণ সংস্থা কমিটির নবনির্বাচিত সদস্যবৃন্দ সৌজন্য সাক্ষাত করেন। সৌজন্য সাক্ষাতে মেয়র বাঙালি জাতীয়তাবোধ ধারন করে নিজস্ব ইতিহাস, ঐতিহ্য নির্ভর সংস্কৃতি চর্চার উপর গুরুত্বারোপ করে বেতার ও টেলিভিশন শিল্পীদের দায়িত্ব পালনের আহবান জানান। এ সময় শেখ শহিদুল আনোয়ার, আলাউদ্দিন তাহের, সুজিত রায়, আবদুর রহিম, সাইফুদ্দিন মাহমুদ খান, মানস পাল চৌধুরী, গিরিজা রাজবর, তাপস বড়–য়া, আবদুল হালিম, রাজিব মজুমদার, তাপস চৌধুরী, লিটন সেন, এডভোকেট কামরুল আযম চৌধুরী টিপু সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। সাক্ষাতে শিল্পীরা মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান।

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডে নালার মাটি উত্তোলন কাজ উদ্বোধন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক তত্বাবধানে নগরীর ১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়াডের্র মাষ্টারপুল খেজুরতলির বিভিন্ন নালা নর্দমার মাটি উত্তোলন ৬ মার্চ ২০১৭ খ্রি. উদ্বোধন করেন অত্র ওয়ার্ডের কাউন্সিলর মোহাম্মদ এয়াছিন চৌধুরী। এসময় দক্ষিণ পশ্চিম বাকলিয়া উচ্চ বিদ্যালয়ের সভাপতি আলহাজ্ব সফিউল আলম হিরু, গাজী জয়নাল আবেদীন, প্রকৌশলী মো. রিফাতুল আলম চৌধুরী, সমাজ সেবক এম মাহমুদ রনি, মোহাম্মদ সোহেল, খলিল আহমেদ, জাহাঙ্গীর আলম জেবু, ছাত্র নেতা সায়েম সায়মন সহ প্রমূখ উপস্থিত ছিলেন। কাউন্সিলর মো. এয়াছিন চৌধুরী তার বক্তব্যে বলেন, অত্র এলাকায় বর্ষা মৌসুমের আগে সব নালা নর্দমা পরিষ্কার করা হবে। এ ব্যাপারে তিনি এলাকাবাসীর সহযোগিতা কামনা করেন। কাউন্সিলর বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবা মূলক প্রতিষ্ঠান। জলবদ্ধতা নিরসনের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কার্যক্রম হাতে নিয়েছে। অচীরেই প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে।

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ৭ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশন মালিকানাধীন দেওয়ানহাট পোর্ট সিটি কমপ্লেক্স এর নীচতলার ৩টি ও ২য় তলার ৪টি সহ মোট ৭ টি দোকানের উন্নয়নকাজ ও মাসিকভাড়া দীর্ঘদিন পরিশোধ না করায় দোকানগুলি সীলগালা করা হয়। একই অভিযানে চকবাজার গোলজার মোড় এলাকার কফি আইল্যান্ডকে সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স না থাকায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশি-ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম-৭ মার্চ ২০১৭ খ্রি.

চসিক স্বাস্থ্য বিভাগের সমন্বয় সভা অনুষ্ঠিত

০৭ মার্চ ২০১৭খ্রি. মঙ্গলবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর স্বাস্থ্যসেবা অধিকতর গতিশীল করার লক্ষ্যে এক সমন্বয় সভা প্রধান স্বাস্থ্য কর্মকর্তা'র দপ্তরে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য কর্মকর্তা ও চসিক হেলথ টেকনোলজি এন্ড ম্যাটস্ এর অধ্যক্ষ ডাঃ মোহাম্মদ আলী, সিনিয়র কনসালটেন্ট ডাঃ প্রীতি বড়ুয়া ও ডাঃ রহিমা বেগম, এমও ইনচার্জ ডাঃ আশীষ কুমার মুখার্জী ও ডাঃ আরপি আসিফ খান, জোনাল মেডিকেল অফিসার ডাঃ ইমাম হোসেন রানা, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ মুজিবুল আলম চৌধুরী আরএমও ডাঃ দীপা ত্রিপুরা। সভার শুরুতে সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম. নাছির উদ্দীন এর সার্বিক প্রচেষ্টায় বন্দর নগরী হিসাবে সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক "নিরাপদ খাদ্য পরীক্ষাগার" ন্যস্ত করায় সন্তোষ প্রকাশ করে সিটি মেয়রের গতিশীল নেতৃত্বের প্রতি আস্থা রেখে চসিক এর চলমান স্বাস্থ্য সেবা আরও জোরদার করার লক্ষ্যে নিজ নিজ দায়িত্ব পালন করে যাবে মর্মে অভিমত ব্যক্ত করেন। সভাপতির বক্তব্যে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, স্বাস্থ্য বিভাগের বর্তমান সেবা কার্যক্রম পূর্বের চেয়ে দিন দিন বৃদ্ধি পেয়েছে। তিনি সকল কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও সভায় স্বাস্থ্য সেবা সম্পর্কে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সংবাদদাতা
আবু সালেহ